২৫

# দৈনিক সংবাদ

তারিখ 06 FEB 1996 পৃষ্ঠা ৫ কলাম ৭

## সাতজনের বিরুদ্ধে মামলা

# চাঁদপুরে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির গম আত্মসাৎ

।। শাহ মোহাম্মদ মাকসুদ ।।

চাঁদপুর, ৫ই ফেব্রুয়ারি।– শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির গম আত্মসাতের অভিযোগে একটি প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতিসহ কমিটির সাত সদস্যের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হয়েছে। চাঁদপুর সদর থানার শিক্ষা–নবিস সহকারী পরিদর্শক ছৈয়দুল মোস্তফা বাদী হয়ে এদের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। আসামীরা পলাতক রয়েছে।

জানা যায় গত ৯৫ সালের ২৪শে ডিসেম্বর চাঁদপুর সদর থানার বিষ্ণুপুর ইউনিয়নের ৪ নম্বর উত্তর বিষ্ণুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি আবদুল মতিন বকাউল বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির জুলাই থেকে নভেম্বর এই পাঁচ মাসের ১৩ মেঃ টন বা ১শ' ৫৭ বস্তা গম উত্তোলন করেন। সদর থানা নির্বাহী কর্মকর্তার প্রদত্ত মঞ্জুরি আদেশবলে 'এই গম উত্তোলন করা হয়। উত্তোলিত গম বিদ্যালয়ে নিয়ে যেয়ে মোট ২শ' ১২ জন ছাত্রছাত্রীর মধ্যে বিলি করার কথা ছিল। কিন্তু মতিন বকাউল উত্তোলিত গমের ১শ' ৩৩ বস্তা নিজের বাড়িতে নিয়ে রাখে এবং বাকি ২৪ বস্তা অন্যান্য সদস্যের মাঝে ভাগ করে দিয়ে দেয়।

বিষয়টি জানতে পেরে ওই বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সাবেক সভাপতি মোঃ আঃ রশীদ ঢালি চাঁদপুরের পুলিশ সুপারকে লিখিতভাবে জানায়। পুলিশ সুপার মোঃ সফিকউল্লাহ্ চাঁদপুর থানাকে অভিযোগটি তদন্ত করে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিলে ওই সহকারী পরিদর্শক ঘটনার তদন্ত করে সত্যতা পান এবং আঃ মতিন বকাউলের বাড়ি থেকে বিতরণের জন্য উত্তোলিত গমের ১শ' ৩৩ বস্তা উদ্ধার করেন। পরে ছৈয়দুল মোস্তফা বাদি হয়ে বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতিসহ সাতজনের বিরুদ্ধে মামলা দায়ের করেন।